Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২ অগ্রহায়ণ ১৪৩১

DU in Media

17 November 2024

ভোরের কাগজ

ঢাকা বিশ্ববিদ্যালয় উপউপাচার্যের সঙ্গে সাক্ষাৎ চীনা প্রতিনিধি দলের

চীনের দ্য চাইনিজ একাডেমি অব সায়েন্সেসের অধ্যাপক ড. গ্যান ঝাংয়ের নেতৃত্বে ৩ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধি দল গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপউপাচার্যের (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদের সঙ্গে সাক্ষাৎ করেছেন। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন– অধ্যাপক ড. জুন লি এবং ড. ঝাও শিজেন। উপাচার্য কার্যালয়সংলগ্ন সভাকক্ষে আয়োজিত বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয় বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম ও রসায়ন বিভাগের অধ্যাপক ড. মো. আহসান হাবীব উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চাইনিজ একাডেমি অব সায়েন্সেস-এর মধ্যে রসায়ন, পরিবেশ এবং বায়ুদূষণ বিষয়ক চলমান যৌথ সহযোগিতামূলক শিক্ষা এবং গবেষণা কার্যক্রম আরো জোরদার করার ব্যাপারে আলোচনা করেন। এ সময় দুই প্রতিষ্ঠানের মধ্যে শিক্ষা ও গবেষণা সংক্রান্ত আরো যৌথ সহযোগিতামূলক কার্যক্রম গ্রহণের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করা হয়। তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চাইনিজ একাডেমি অব সায়েন্সেস-এর মধ্যে বিদ্যমান সমঝোতা স্মারক নবায়ণ করার ব্যাপারে ঐকমত্য প্রকাশ করেন।

উপউপাচার্যের (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ বাংলাদেশ এবং চীনের মধ্যে বিরাজমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরো জোরদার এবং বৈজ্ঞানিক গবেষণার উন্নয়নে দুই প্রতিষ্ঠানের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী ও গবেষক বিনিময়ের ওপর গুরুত্বারোপ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের ধন্যবাদ জানান। বিজ্ঞপ্তি



মানবকণ্ঠ



ঢাবি প্রো-ভাইস চ্যান্সেলরের সঙ্গে চীনা প্রতিনিধিদলের সাক্ষাৎ

চীনের দি চাইনিজ একাডেমি অব সায়েন্সেসের অধ্যাপক ড. গ্যান ঝাং-এর নেতৃত্বে ৩ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদের সঙ্গে সাক্ষাৎ করেছে। গতকাল শনিবার সাক্ষাতের সময় প্রতিনিধিদলের অন্য সদস্যরা ছিলেন অধ্যাপক ড. জুন লি এবং ড. ঝাও শিজেন। উপাচার্য কার্যালয় সংলগ্ন সভাকক্ষে আয়োজিত বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয় বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম ও রসায়ন বিভাগের অধ্যাপক ড. মো. আহসান হাবীব উপস্থিত ছিলেন। তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চাইনিজ একাডেমি অব সায়েন্সেস-এর মধ্যে বিদ্যমান সমঝোতা স্মারক নবায়ন করার ব্যাপারে ঐকমত্য প্রকাশ করেন। —সংবাদ বিজ্ঞপ্তি

নয়া দিগন্ত

ঢাবি প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা)-এর সাথে চীনা প্রতিনিধি দলের সাক্ষাৎ



চীনের দ্য চাইনিজ অ্যাকাডেমি অব সায়েন্সেসের অধ্যাপক ড. গ্যান ঝাং-এর নেতৃত্বে তিন সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদের সাথে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা ছিলেন অধ্যাপক ড. জুন লি এবং ড. ঝাও শিজেন।

ভিসি কার্যালয়সংলগ্ন সভাকক্ষে বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয় বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম ও রসায়ন বিভাগের অধ্যাপক ড. মো: আহসান হাবীব উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চাইনিজ অ্যাকাডেমি অব সায়েন্সেসের মধ্যে রসায়ন, পরিবেশ এবং বায়ু দূষণবিষয়ক চলমান যৌথ সহযোগিতামূলক শিক্ষা এবং গবেষণা কার্যক্রম আরো জোরদার করার ব্যাপারে আলোচনা করেন। এ সময় দুই প্রতিষ্ঠানের মধ্যে শিক্ষা ও গবেষণা সংক্রান্ত আরো যৌথ সহযোগিতামূলক কার্যক্রম গ্রহণের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করা হয়। তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চাইনিজ অ্যাকাডেমি অব সায়েন্সেসের মধ্যে বিদ্যমান সমঝোতা স্মারক নবায়ন করার ব্যাপারে ঐকমত্য প্রকাশ করেন।

প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ বাংলাদেশ এবং চীনের মধ্যে বিরাজমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরো জোরদার এবং বৈজ্ঞানিক গবেষণার উন্নয়নে দু'প্রতিষ্ঠানের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী ও গবেষক বিনিময়ের ওপর গুরুত্বারোপ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের ধন্যবাদ জানান। বিজ্ঞপ্তি।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

ভোরের ডাক

ঢাবি প্রো-ভাইস চ্যান্সেলের (শিক্ষা) সঙ্গে চীনা প্রতিনিধিদলের সাক্ষাৎ

চীনের দি চাইনিজ একাডেমি অব সায়েন্সেস-এর অধ্যাপক ড. গ্যান ঝাং-এর নেতৃত্বে ৩ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ-এর সঙ্গে সাক্ষাৎ করেছেন। প্রতিনিধিদলে আরও ছিলেন অধ্যাপক ড. জুন লি এবং ড. ঝাও শিজেন।



উপাচার্য কার্যালয় সংলগ্ন সভাকক্ষে আয়োজিত এই বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয় বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম ও রসায়ন বিভাগের অধ্যাপক ড. মো. আহসান হাবীব উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চাইনিজ একাডেমি অব সায়েন্সেস-এর মধ্যে রসায়ন, পরিবেশ এবং বায়ু দূষণ বিষয়ক চলমান যৌথ সহযোগিতামূলক শিক্ষা এবং গবেষণা কার্যক্রম আরও জোরদার করার ব্যাপারে আলোচনা করেন। এসময় দুই প্রতিষ্ঠানের মধ্যে শিক্ষা ও গবেষণা সংক্রান্ত আরও যৌথ সহযোগিতামূলক কার্যক্রম গ্রহণের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চাইনিজ একাডেমি অব সায়েন্সেস-এর মধ্যে বিদ্যমান সমঝোতা স্মারক নবায়ন করার ব্যাপারে তারা ঐকমত্য প্রকাশ করেন। প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ বাংলাদেশ এবং চীনের মধ্যে বিরাজমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদার এবং বৈজ্ঞানিক গবেষণার উন্নয়নে দু'প্রতিষ্ঠানের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী ও গবেষক বিনিময়ের ওপর গুরুত্বারোপ করেন।

-খবর বিজ্ঞপ্তি

জনকণ্ঠ



ঢাবি প্রো-ভাইস চ্যান্সেলরের সঙ্গে চীনা প্রতিনিধিদলের সাক্ষাৎ

চীনের দি চাইনিজ একাডেমি অব সায়েন্সেসের অধ্যাপক ড. গ্যান ঝাং-এর নেতৃত্বে ৩ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদের সঙ্গে সাক্ষাৎ করেছে। গতকাল শনিবার সাক্ষাতের সময় প্রতিনিধিদলের অন্য সদস্যরা ছিলেন অধ্যাপক ড. জুন লি এবং ড. ঝাও শিজেন। উপাচার্য কার্যালয় সংলগ্ন সভাকক্ষে আয়োজিত বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয় বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম ও রসায়ন বিভাগের অধ্যাপক ড. মো. আহসান হাবীব উপস্থিত ছিলেন। তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চাইনিজ একাডেমি অব সায়েন্সেস-এর মধ্যে বিদ্যমান সমঝোতা স্মারক নবায়ন করার ব্যাপারে ঐকমত্য প্রকাশ করেন।

—সংবাদ বিজ্ঞপ্তি

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২ অগ্রহায়ণ ১৪৩১

DU in Media

17 November 2024

দৈনিক বর্তমান



চীনের দি চাইনিজ একাডেমি অব সায়েন্সেস-এর অধ্যাপক ড. গ্যান ঝাং-এর নেতৃত্বে ৩ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ-এর সঙ্গে সাক্ষাৎ করেছে -বর্তমান

ঢাবি প্রো-ভাইস চ্যান্সেলর'র সঙ্গে চীনা প্রতিনিধিদলের সাক্ষাৎ

ঢাবি প্রতিনিধি

চীনের দি চাইনিজ একাডেমি অব সায়েন্সেস-এর অধ্যাপক ড. গ্যান ঝাং-এর নেতৃত্বে ৩ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ-এর সঙ্গে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের অন্য সদস্যরা ছিলেন অধ্যাপক ড. জুন লি এবং ড. ঝাও শিজেন।

উপাচার্য কার্যালয় সংলগ্ন সভাকক্ষে আয়োজিত বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয় বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম ও রসায়ন বিভাগের অধ্যাপক ড. মো. আহসান হাবীব উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চাইনিজ একাডেমি অব সায়েন্সেস-এর মধ্যে রসায়ন, পরিবেশ এবং বায়ু দূষণ বিষয়ক চলমান যৌথ সহযোগিতামূলক শিক্ষা এবং গবেষণা কার্যক্রম আরও জোরদার করার ব্যাপারে আলোচনা করেন। এসময় দুই প্রতিষ্ঠানের মধ্যে শিক্ষা ও গবেষণা সংক্রান্ত আরও যৌথ সহযোগিতামূলক কার্যক্রম গ্রহণের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করা হয়। তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চাইনিজ একাডেমি অব সায়েন্সেস-এর মধ্যে বিদ্যমান সমঝোতা স্মারক নবায়ন করার ব্যাপারে ঐকমত্য প্রকাশ করেন।

প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ বাংলাদেশ এবং চীনের মধ্যে বিরাজমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদার এবং বৈজ্ঞানিক গবেষণার উন্নয়নে দু'প্রতিষ্ঠানের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী ও গবেষক বিনিময়ের ওপর গুরুত্বারোপ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের ধন্যবাদ জানান।


আলোকিত বাংলাদেশ

রক্তদাতাদের সম্মাননা প্রদান করলো ঢাবির জসীম হল 'বাঁধন'

ঢাবি প্রতিনিধি

জীবন বাঁচাতে রক্ত দিতে যারা এগিয়ে আসেন তাদের প্রতি সম্মাননা স্মারক প্রদানের মাধ্যমে সম্মান জানিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কবি জসীম উদ্দিন হল বাঁধন ইউনিট। গত শুক্রবার রাতে হল মিলনায়তনে 'রক্তদাতা সম্মাননা ২০২৪' অনুষ্ঠানের মধ্য দিয়ে সম্মাননা প্রদান ও পুরস্কার বিতরণ করা হয়। পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠানটির সূচনা হয়, পাশাপাশি জুলাই গণঅভ্যুত্থানের শহীদদের স্মরণে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। রক্তদাতাদের সম্মাননা প্রদান ও পুরস্কৃত করা হয় এই অনুষ্ঠানে। এ ছাড়াও বিভিন্ন হল ইউনিট হতে আগত অতিথিদের চাবির রিং এবং ফুল দিয়ে বরণ করে নেন বাঁধন হল ইউনিটের কর্মীরা। অনুষ্ঠানের অতিথি হলের সাবেক শিক্ষার্থী ও বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব এসএম লাবলুর রহমান হল জীবনে তার বিভিন্ন স্মৃতির কথা উল্লেখ করেন এবং হলের এ ধরনের কর্মসূচির প্রশংসা করেন। ভবিষ্যতে বাঁধনের কার্যক্রমে নিজেকে সম্পৃক্ত করার ইচ্ছার কথা উল্লেখ করেন। অতিথি হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. এম শাহীন খান শিক্ষার্থীদের সহ-শিক্ষামূলক কার্যক্রমকে এগিয়ে নেয়ার ক্ষেত্রে প্রশাসনের সহযোগিতার কথা উল্লেখ করেন। তিনি বাঁধন কর্মীদের আত্মার বন্ধনের কথা বিশেষভাবে উল্লেখ করেন এবং এ আন্দোলনকে সামাজিক আন্দোলনে রূপ দেয়ার জন্য শিক্ষার্থীদের অবদানের প্রশংসা করেন। মুখ্য আলোচক হিসেবে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের সাবেক শিক্ষক ও অবসরপ্রাপ্ত কর কমিশনার ড. সাজ্জাদ হোসেন ভূঁইয়া। বাঁধন কর্মীদের ত্যাগের কথা উল্লেখ করে তিনি তাদেরকে চাকরিসহ বিভিন্ন ক্ষেত্রে বিশেষ সুবিধা দেয়া প্রয়োজন বলে উল্লেখ করেন। প্রধান অতিথির বক্তব্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ বাঁধনের কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন এবং এর উত্তরোত্তর সফলতা কামনা করেন। উপ-উপাচার্য বলেন, জনসেবা করার মহত উদ্দেশ্যকে সামনে রেখে বাঁধন কাজ করে যাচ্ছে এবং রক্তদানকে সামাজিক আন্দোলনে পরিনত করার জন্যে নিরলস কাজ করে যাচ্ছে। তিনি বাঁধন কর্মীদের ধন্যবাদ জানান এবং উন্নত দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধের প্রশংসা করেন। প্রধান অতিথি ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাকিব প্রতিযোগিতায় উন্নত অবস্থানে নিয়ে যাওয়ার ক্ষেত্রে বর্তমান প্রশাসনের ভূমিকার কথা উল্লেখ করেন এবং এক্ষেত্রে সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করেন। বাঁধন হল ইউনিটের সভাপতি হিজবুল্লাহর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক আবদুল কাদেরের সঞ্চালনায় অনুষ্ঠানে অতিথি সিভিল অ্যাভিয়েশন অথরিটি অব বাংলাদেশ এর সদস্য-অর্থ ও সরকারের অতিরিক্ত সচিব এসএম লাবলুর, বাঁধনের উপদেষ্টা আবাসিক শিক্ষক হাবিবুল্লাহ মিলন, অনুষ্ঠান আহ্বায়ক শরীফ প্রমুখ বক্তব্য রাখেন।

The Country Today



A three-member delegation led by Prof. Dr. Gan Zhang of the Chinese Academy of Sciences, China called on Dhaka University Pro-Vice Chancellor (Academic) Prof. Dr. Mamun Ahmed yesterday t the VC's Meeting Room of the university. (DU PR Office)

Chinese delegation calls on DU Pro-VC (Academic)

DU Correspondant

A three-member delegation led by Prof. Dr. Gan Zhang of the Chinese Academy of Sciences, China called on Dhaka University (DU) Pro-Vice Chancellor (Academic) Prof. Dr. Mamun Ahmed on Saturday at the VC's Meeting Room of the university. Other team members were Prof. Dr. Jun Li and Dr. Zhao Shizhen.

Dean of

Continued to page 2

Chinese delegation calls

the Faculty of Science of DU Prof. Dr. Abdus Salam and Prof. Dr. Md. Ahsan Habib of DU Chemistry Department were present on this occasion.

During the meeting they discussed matters of mutual interests specially the possibilities of strengthening ongoing joint collaborative academic and research programs on chemistry, environment and air pollution between Dhaka University and the Chinese Academy of Sciences. The possibilities of undertaking more joint collaborative academic and research programs between these two institutions were also discussed in the meeting. They agreed to renew existing Memorandum of Understanding (MoU) between Dhaka University and Chinese Academy of Sciences.

Pro-Vice Chancellor (Academic) Prof. Dr. Mamun Ahmed stressed the need for exchange of teachers, students and researchers between the two institutions for promoting scientific research as well as strengthening friendly relationship between Bangladesh and China. He thanked the guests for their visit to Dhaka University and keen interest in its academic and research activities.

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২ অগ্রহায়ণ ১৪৩১

DU in Media

17 November 2024

দৈনিক আমার সংবাদ



ঢাকা বিশ্ববিদ্যালয়ে এএইচএফবি বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

জার্মানির হামবোল্ট রিসার্চ ফেলোশিপপ্রাপ্ত বাংলাদেশের বিজ্ঞানীদের সংগঠন 'অ্যাসোসিয়েশন অব হামবোল্ট ফেলোজ বাংলাদেশ (এএইচএফবি)'-এর বার্ষিক সম্মেলন ও সাধারণ সভা গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (কারস)-এর সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ সম্মেলনের উদ্বোধন ঘোষণা করেন। বাংলাদেশে নিযুক্ত জার্মানির রাষ্ট্রদূত মি. আকিম ট্রোস্টার অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

এএইচএফবি-এর ভারপ্রাপ্ত সভাপতি অধ্যাপক ড. মো. মোজাম্মেল হকের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ কে ফজলুল হক ভূঁইয়া, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ. এম. সরওয়ারউদ্দিন চৌধুরী এবং হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. এনামউল্যা বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ বলেন, অসাধারণ মেধা, জ্ঞান ও গবেষণাকর্মের জন্য বিশ্বের স্বনামধন্য বিজ্ঞানী ও গবেষকগণ অত্যন্ত প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে হামবোল্ট রিসার্চ ফেলোশিপ লাভ করে থাকেন। এই ফেলোশিপপ্রাপ্ত বাংলাদেশের বিজ্ঞানীদের সংগঠনটি দেশের বিজ্ঞান শিক্ষা ও গবেষণায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। এই সংগঠনের মাধ্যমে জার্মানির বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের যৌথ সহযোগিতামূলক গবেষণা কার্যক্রম আরও জোরদার হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

রাষ্ট্রদূত মি. আকিম ট্রোস্টার বলেন, যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালনা এবং জার্মানির সঙ্গে বিশ্বের বিভিন্ন দেশের গবেষক ও বিজ্ঞানীদের আন্তঃসম্পর্ক উন্নয়নের ক্ষেত্রে হামবোল্ট রিসার্চ ফেলোশিপ কার্যকর ভূমিকা পালন করে যাচ্ছে। বিজ্ঞান ভিত্তিক নতুন নতুন চিন্তাভাবনা, উদ্ভাবন ও গবেষণার মাধ্যমে এই সংগঠনের কার্যক্রম আরও সম্প্রসারিত হবে বলে তিনি আশাপ্রকাশ করেন। বাংলাদেশের বিজ্ঞানী বিশেষ করে তরুণ গবেষকদের জন্য জার্মান সরকারের সহযোগিতা অব্যাহত থাকবে বলে তিনি উল্লেখ করেন। -বিজ্ঞপ্তি

আলোকিত বাংলাদেশ

ঢাবিতে এএইচএফবির বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত



আলোকিত ডেস্ক

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) জার্মানির হামবোল্ট রিসার্চ ফেলোশিপপ্রাপ্ত বাংলাদেশের বিজ্ঞানীদের সংগঠন 'অ্যাসোসিয়েশন অব হামবোল্ট ফেলোজ বাংলাদেশ (এএইচএফবি)' এর বার্ষিক সম্মেলন ও সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (কারস)এর সেমিনার কক্ষে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ সম্মেলনের উদ্বোধন ঘোষণা করেন। বাংলাদেশে নিযুক্ত জার্মানির রাষ্ট্রদূত মি. আকিম ট্রোস্টার অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এএইচএফবি এর ভারপ্রাপ্ত সভাপতি অধ্যাপক ড. মো. মোজাম্মেল হকের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ কে ফজলুল হক ভূঁইয়া, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ. এম. সরওয়ারউদ্দিন চৌধুরী এবং হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. এনামউল্যা বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

অধ্যাপক ড. মামুন আহমেদ বলেন, অসাধারণ মেধা, জ্ঞান ও গবেষণাকর্মের জন্য বিশ্বের স্বনামধন্য বিজ্ঞানী ও গবেষকরা অত্যন্ত প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে হামবোল্ট রিসার্চ ফেলোশিপ লাভ করে থাকেন। এই ফেলোশিপপ্রাপ্ত বাংলাদেশের বিজ্ঞানীদের সংগঠনটি দেশের বিজ্ঞান শিক্ষা ও গবেষণায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। এই সংগঠনের মাধ্যমে জার্মানির বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের যৌথ সহযোগিতামূলক গবেষণা কার্যক্রম আরও জোরদার হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। রাষ্ট্রদূত মি. আকিম ট্রোস্টার বলেন, যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম পরিচালনা এবং জার্মানির সঙ্গে বিশ্বের বিভিন্ন দেশের গবেষক ও বিজ্ঞানীদের আন্তঃসম্পর্ক উন্নয়নের ক্ষেত্রে হামবোল্ট রিসার্চ ফেলোশিপ কার্যকর ভূমিকা পালন করে যাচ্ছে। বিজ্ঞানভিত্তিক নতুন নতুন চিন্তাভাবনা, উদ্ভাবন ও গবেষণার মাধ্যমে এই সংগঠনের কার্যক্রম আরও সম্প্রসারিত হবে বলে তিনি আশা প্রকাশ করেন। বাংলাদেশের বিজ্ঞানী বিশেষ করে তরুণ গবেষকদের জন্য জার্মান সরকারের সহযোগিতা অব্যাহত থাকবে বলেও উল্লেখ করেন তিনি। উল্লেখ্য, উদ্বোধনী অনুষ্ঠান শেষে সায়েন্টিফিক সেশন ও বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। এতে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের এএইচএফবির সদস্যরা অংশ নেন।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২ অগ্রহায়ণ ১৪৩১

DU in Media

17 November 2024

দৈনিক বর্তমান

যুক্তরাষ্ট্র ভিত্তিক ম্যাটেরিয়ালস রিসার্চ সোসাইটি'র ঢাবি স্টুডেন্ট চ্যাপ্টারের যাত্রা শুরু

ঢাবি প্রতিনিধি

যুক্তরাষ্ট্র ভিত্তিক গবেষণা সংস্থা ম্যাটেরিয়ালস রিসার্চ সোসাইটি (এমআরএস)-এর ঢাকা বিশ্ববিদ্যালয় স্টুডেন্ট চ্যাপ্টারের আনুষ্ঠানিক যাত্রা শনিবার শুরু হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী লেকচার হলে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সংগঠনটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন। বিভিন্ন ম্যাটেরিয়াল বিষয়ক গবেষণায় আগ্রহ সৃষ্টির লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের শিক্ষার্থীদের নিয়ে সংগঠনটি প্রতিষ্ঠা করা হয়।

সংগঠনের উপদেষ্টা ও ঢাকা বিশ্ববিদ্যালয় ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের অধ্যাপক ড. এ এফ এম মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। সংগঠনের সভাপতি ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের শিক্ষার্থী মো. সামি-উল-আলম সার্বিক কার্যক্রম উপস্থাপন করেন। প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ বিজ্ঞান, জীববিজ্ঞানসহ বিভিন্ন ক্ষেত্রে ম্যাটেরিয়ালস রিসার্চ-এর গুরুত্ব তুলে ধরেন। তিনি বলেন, যুক্তরাষ্ট্র ভিত্তিক এরপর পৃষ্ঠা ৭ কলাম ৪

যুক্তরাষ্ট্র ভিত্তিক ম্যাটেরিয়ালস

সংস্থা ম্যাটেরিয়ালস রিসার্চ সোসাইটি বিজ্ঞানের বিভিন্ন শাখার উৎকর্ষ সাধনে কার্যকর ভূমিকা পালন করে চলেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে এমআরএস-এর স্টুডেন্ট চ্যাপ্টারের কার্যক্রম শুরু হওয়ায় শিক্ষার্থীরা সহজেই বৈশ্বিক জ্ঞানের জগতে প্রবেশ করতে পারবে এবং নিজেদের আরও দক্ষ করে গড়ে তুলতে পারবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এই সংগঠনের সঙ্গে সম্পৃক্ত হয়ে বিভিন্ন আন্তর্জাতিক সেমিনার, কর্মশালা ও সম্মেলনে অংশগ্রহণের মাধ্যমে বিশ্বমানের গ্র্যাজুয়েট হিসেবে নিজেদের গড়ে তোলার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, উদ্বোধনী অনুষ্ঠানে এমআরএস-ঢাকা বিশ্ববিদ্যালয় চ্যাপ্টারের একটি প্রকাশনার মোড়ক উন্মোচন করা হয়। এছাড়া, শিক্ষার্থীদের নিয়ে কুইজ প্রতিযোগিতা আয়োজন করা হয়। প্রতিযোগিতায় ৩জন বিজয়ীকে পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানে সংগঠনের ১১-সদস্য বিশিষ্ট একটি কার্যকরী কমিটি ঘোষণা করা হয়।



যুক্তরাষ্ট্র ভিত্তিক গবেষণা সংস্থা ম্যাটেরিয়ালস রিসার্চ সোসাইটি (এমআরএস)-এর ঢাকা বিশ্ববিদ্যালয় স্টুডেন্ট চ্যাপ্টারের আনুষ্ঠানিক যাত্রা শনিবার শুরু হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী লেকচার হলে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সংগঠনটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন -বর্তমান

The Country Today

DU Student Chapter of US-based Materials Research Society begins its journey

DU Correspondent

The official journey of the Dhaka University Student Chapter of Materials Research Society (MRS), a US-based research organization, began on Saturday.

Dhaka University Pro-Vice Chancellor (Education) Prof Dr. Mamun Ahmed formally inaugurated the organization as the chief guest in a function at the pharmacy lecture hall of the university. The organization was established with the students of different departments of science faculty of Dhaka University with the aim of creating interest in the research of various materials.

Advisor of the organization and professor Continued to page 2

DU Student Chapter

of applied chemistry and chemical engineering department of Dhaka University. AFM Mostafizur Rahman presided over the opening ceremony of the Dean of Science Faculty. Abdus Salam spoke as special guest. The president of the organization is a student of applied chemistry and chemical engineering department. Sami-ul-Alam presented the entire program.Pro-Vice Chancellor (Education) Professor Dr. Mamun Ahmed highlighted the importance of materials research in various fields including science and biology. He said that the US-based organization Materials Research Society continues to play an effective role in the advancement of various branches of science. He expressed hope that the students will be able to easily enter the world of global knowledge and develop themselves more efficiently as the activities of the student chapter of MRS have started in Dhaka University. He appealed to the students to develop themselves as world-class graduates by participating in various international seminars, workshops and conferences by being associated with this organization.

It is to be noted that the cover of a publication of MRS-Dhaka University Chapter was unveiled at the opening ceremony. Besides, quiz competition is organized with students. 3 winners were awarded in the competition. An 11-member working committee of the organization was announced at the event.

নয়াদিগন্ত

ঢাবিতে এএইচএফবির বৈজ্ঞানিক সেমিনার ও সাধারণ সভা অনুষ্ঠিত

● ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) জার্মানির হোমবোল্ট রিসার্চ ফেলোশিপপ্রাপ্ত বাংলাদেশী বিজ্ঞানীদের সংগঠন অ্যাসোসিয়েশন অব হোমবোল্ট ফেলো ইন বাংলাদেশের (এএইচএফবি) উদ্যোগে বিজ্ঞান সম্মেলন এবং বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বিশ্ববিদ্যালয়ের উচ্চতর বিজ্ঞান গবেষণা কেন্দ্রের (সিএআরএস) সেমিনার কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশে নিযুক্ত জার্মানির রাষ্ট্রদূত আকিম ট্রোস্টার। অনুষ্ঠান উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ■ ৪র্থ পৃঃ ৩-এর কলামে



ঢাকা বিশ্ববিদ্যালয় এএইচএফবির সেমিনারে ফেলোরা ■ নয়া দিগন্ত

প্রোভিসি (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ।

সংগঠনটির ভারপ্রাপ্ত সভাপতি অধ্যাপক ড. মো: মোজাম্মেল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য প্রদান করেন, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এ কে ফজলুল হক ভূঁইয়া, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এ এম সরওয়ারউদ্দিন চৌধুরী এবং হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মোহাম্মদ এনামুল্লাহ।

উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ বলেন, বিশ্বের স্বনামধন্য বিজ্ঞানী, গবেষক শিক্ষকেরা তাদের মেধা, জ্ঞান, শ্রেষ্ঠত্ব ও গবেষণাকর্মের মাধ্যমে অত্যন্ত প্রতিযোগিতার মধ্য দিয়ে এই ফেলোশিপ লাভ করেন। বিভিন্ন বৈজ্ঞানিক সেমিনার, কর্মশালার মাধ্যমে বাংলাদেশী বিজ্ঞানীদের এই সংগঠন দেশের বিজ্ঞান শিক্ষা ও গবেষণায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। এই সংগঠনের মাধ্যমে জার্মানির বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সাথে ঢাকা বিশ্ববিদ্যালয়ের যৌথ সহযোগিতামূলক গবেষণা কার্যক্রম আরো বৃদ্ধি পাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

প্রধান অতিথির বক্তব্যে রাষ্ট্রদূত আকিম ট্রোস্টার বলেন, বিজ্ঞান ভিত্তিক নতুন নতুন চিন্তাভাবনা, উদ্ভাবন ও গবেষণার মাধ্যমে এই সংগঠনের কার্যক্রম আরো সম্প্রসারিত হবে বলে তিনি আশা প্রকাশ করেন। বাংলাদেশী বিজ্ঞানী, বিশেষ করে তরুণ গবেষকদের জন্য জার্মান সরকারের সহযোগিতা অব্যাহত থাকবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

The Bangladesh Today



A day-long Annual Scientific Seminar of Association of Humboldt Fellows Bangladesh (AHFB) was held Saturday at CARS seminar room of Dhaka University (DU). DU Pro-Vice Chancellor (Academic) Prof. Dr. Mamun Ahmed inaugurated the seminar while Ambassador of Germany in Bangladesh Mr. Achim Troster addressed it as chief guest. Photo: Courtesy

Scientific Seminar of AHFB held at DU

A day-long Annual Scientific Seminar of Association of Humboldt Fellows Bangladesh (AHFB) was held on Saturday at CARS seminar room of Dhaka University (DU). DU Pro-Vice Chancellor (Academic) Prof. Dr. Mamun Ahmed inaugurated the seminar while Ambassador of Germany in Bangladesh Achim Troster addressed it as chief guest, a press release said.

President of AHFB Prof. Dr. Md. Mozammel Hoq presided over the inaugural session while Vice-Chancellor of Bangladesh Agricultural University Prof. Dr. A. K. Fazlul Haque Bhuiyan, Vice-Chancellor of Bangladesh Open University Prof. Dr. A. B. M. Obaidul Islam, Vice-Chancellor of Shahjalal University of Science & Technology Prof. Dr. A. M. Sarwaruddin Chowdhury and Vice-Chancellor of Hajee Mohammad Danesh Science & Technology University Prof. Dr. Mohammed Enamullah addressed it as special guests.

DU Pro-Vice Chancellor (Academic) Prof. Dr. Mamun Ahmed said, renowned scientists and researchers of the world receive the prestigious Humboldt Research Fellowship for their outstanding knowledge and research works through a highly competitive process. Humboldt Awardees of Bangladesh have been playing significant role to conduct scientific research in our country. Joint collaborative research programs among Dhaka University and various German universities will be strengthened through this organization, he hoped.

German Ambassador Achim Troster said the Humboldt Research Fellowship is playing an important role in enhancing mutual relationship among teachers, researchers and scientists of the world. The activities of this organization will be further expanded through scientific research and innovation, he hoped. German government will continue their support and cooperation to the scientists and young researchers of Bangladesh.

It may be mentioned that members of AHFB from different universities participated in the seminar.